



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

### বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ বোর্ডের আওতাধীন কলেজসমূহে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে (IC) এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতির জন্য ০১/১০/২০১৯ হতে ৩১/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত কলেজ কর্তৃক অনলাইনে আবেদন দাখিল করা যাবে। অনলাইনে আবেদন দাখিলের পর অটো-জেনারেটেড সোনালী সেবার রসিদের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা প্রদান করা যাবে।

বিঃদ্র:

- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ হতে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- টিসি ইস্যুকারী কলেজ যে মাসে টিসি ইস্যু করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে।
- ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে মাস পর্যন্ত বেতন পরিশোধিত আছে তার পরের মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।
- আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে। আবেদন ফরমে বিস্তারিত নির্দেশাবলী দেয়া আছে।

১৯/০৯/২০১৯

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন: ০৪২১-৮৬৩৮৬

e-mail: [ic@jessoreboard.gov.bd](mailto:ic@jessoreboard.gov.bd)